



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH
CABLE CHEMICORP TEL:EX:632216 BCIC BJ.FAX:880-2-9564120 PHONE:PABX:9559281-82.85.9562140-41 www.bcic.gov.bd



সূত্র নং ৩৬.০১.০০০০.১১৭.১৮.৩৮৯(জেজি).২০২২ ১৬৭৭

তারিখ: ০২-১০-২০২২ খ্রি.

“রেজিস্টার্ড”

জনাব মোঃ জামসেদ হোসেন (৫৭৮৮-৫)
সহকারী বাণিজ্যিক কর্মকর্তা
টিএসপি কমপ্লেক্স লিমিটেড
নর্থ পতেঙ্গা, চট্টগ্রাম।

স্থায়ী ঠিকানাঃ-
জনাব মোঃ জামসেদ হোসেন
পিতা: মোঃ দেলোয়ার হোসেন
গ্রাম: বাঁশপুর, ডাকঘর: কেশনপাড়
উপজেলা: বরুড়া
জেলা: কুমিল্লা-৩৫০০।

বিষয়ঃ চাকরি হতে ইস্তফা গ্রহণার্থে নোটিশ-পে ও অন্যান্য পাওনাদি জমা প্রদান।

জনাব,

আপনার ৩০-০৮-২০২২ খ্রি. তারিখ হতে চাকরি থেকে ইস্তফা প্রদানের আবেদন গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বিসিআইসি কর্মচারী চাকরি প্রবিধানমালা ১৯৮৮ এর ৫৫ (১) উপ ধারা অনুযায়ী কোন কর্মচারী পদত্যাগের ক্ষেত্রে ০৩ (তিন) মাস পূর্বে নোটিশ প্রদান অথবা ০৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সংস্থাকে পরিশোধ করতে হয়। আপনি কোন নোটিশ প্রদান করেননি। আপনার নিকট নোটিশ পে-বাবদ টা: ৫২,৯২০/- (বায়ান্ন হাজার নয়শত বিশ) এবং নিয়োগ, প্রশিক্ষণ ও অন্যান্য আনুসঙ্গিক সুযোগ-সুবিধা বাবদ ব্যয়িত টা: ২,০০,০০০/- (দুই লক্ষ) সহ সর্বমোট টা: ২,৫২,৯২০/- (দুই লক্ষ বায়ান্ন হাজার নয়শত বিশ) টাকা মাত্র সংস্থার পাওনা রয়েছে।

অতএব, আপনার নিকট সংস্থার পাওনা সর্বমোট টা: ২,৫২,৯২০/- (দুই লক্ষ বায়ান্ন হাজার নয়শত বিশ) মাত্র পত্র জারির ১৫ (পনের) দিনের মধ্যে সংস্থার প্রধান কার্যালয়ের অথবা টিএসপি কমপ্লেক্স লিমিটেড (টিএসপিসিএল), নর্থ পতেঙ্গা চট্টগ্রাম এর হিসাব বিভাগে জমাদানপূর্বক মূলরশিদ অত্র দপ্তরে দাখিল সাপেক্ষে পদত্যাগের বিষয়টি বিবেচনা করা হবে। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত

(মোঃ মাসুদ পারভেজ)

ডেপুটি চিফ অব পার্সোনেল
চিফ অব পার্সোনেল এর পক্ষে

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, টিএসপিসিএল, নর্থ পতেঙ্গা, চট্টগ্রাম।
- ৩। মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। হিসাব বিভাগীয় প্রধান, টিএসপিসিএল, নর্থ পতেঙ্গা, চট্টগ্রাম।
- ৫। ব্যক্তিগত নথি।